

তে বিশ্বাসী ছিলেন। এই নীতিকে বাস্তব রূপ দেওয়ার জন্য 1830 খ্রিস্টাব্দে ডাফ জেনারেল এসেমব্লিজ ইন্সটিটিউশন প্রতিষ্ঠা করেন। বর্তমানে এই ইন্সটিটিউশনের নাম স্কটিশ চার্চ কলেজ। এখানে ইংরেজি ভাষার মাধ্যমে পাশ্চাত্য শিক্ষার ব্যবস্থা হয়, বাইবেল এখানে ছাত্রদের 'অবশ্যপাঠ্য' তালিকাভুক্ত ছিল। খ্রিস্টধর্ম প্রচার মুখ্য উদ্দেশ্য হলেও এখানে সাধারণ শিক্ষার মান অত্যন্ত উন্নত ছিল। বাংলাদেশের এই কলেজেই প্রথমে Political Economics পড়ানো শুরু হয়।

4. শ্রীরামপুর ত্রয়ী কারা? (Who are Serampore Trio?)

Ans. শ্রীরামপুরে দিনেমার কুঠিকে কেন্দ্র করে উইলিয়াম কেরি, উইলিয়াম ওয়ার্ড এবং জসুয়া মার্শম্যান এই তিনজন মিশনারি একত্রে ধর্ম ও শিক্ষা প্রচারে নিযুক্ত হয়েছিলেন। এই তিনজনেই 'শ্রীরামপুর ত্রয়ী' নামে পরিচিত। কেরি ছিলেন ধর্মপ্রচারক, ওয়ার্ড ছিলেন দক্ষ মুদ্রণশিল্পী এবং মার্শম্যান ছিলেন একজন স্কুলশিক্ষক। এই তিনজনের সমবেত চেষ্টার ফলে শিক্ষাবিস্তারে এক নতুন অধ্যায়ের সূচনা হয়েছিল। কেরি ও তাঁর সহকর্মীরা প্রথমে ব্যাপটিস্ট মিশনের অধীনে কাজ করতেন। কিন্তু পরে এই মিশনের সঙ্গে কেরির সংঘাত হয় এবং বিচ্ছেদ ঘটে। কেরির চেষ্টায় 1801-এ শ্রীরামপুর মিশন গড়ে ওঠে। এটি একটি স্বতন্ত্র মিশনে পরিণত হয়।

5. শ্রীরামপুর মিশন কত খ্রিস্টাব্দে স্থাপিত হয়? এর কয়েকজন বিখ্যাত পণ্ডিত এবং প্রকাশিত পত্রিকার নাম লেখো। অথবা, শ্রীরামপুর ত্রয়ী কারা? (In which year Serampore Mission established? Write the names of Serampore Trio.)

Ans. শ্রীরামপুর মিশন 1800 খ্রিস্টাব্দে স্থাপিত হয়। এখানকার পণ্ডিতগণের মধ্যে উল্লেখযোগ্য ছিলেন উইলিয়াম কেরি, উইলিয়াম ওয়ার্ড, জেশুয়া মার্শম্যান। এঁদের প্রকাশিত কয়েকটি বিখ্যাত পত্রিকা হল সমাচারদর্পণ, দিগদর্শন, ফ্রেন্ড অব ইন্ডিয়া প্রভৃতি।

6. উইলিয়াম কেরি কে? তিনি কীজন্য বিখ্যাত? (Who was William Carey? What for he was famous?)

Ans. উইলিয়াম কেরি ছিলেন জনৈক খ্রিস্টান মিশনারি ও ভারতীয় ভাষা সাহিত্যের পণ্ডিত। তিনি ফোর্ট উইলিয়াম কলেজের বাংলা ও সংস্কৃত সাহিত্যের প্রধান অধ্যাপক ছিলেন। বাংলা ভাষা ও সাহিত্যের বিকাশ এবং উন্নতির ক্ষেত্রে তাঁর অমূল্য অবদানের জন্য তিনি বিখ্যাত হয়ে আছেন।

7. ওরিয়েন্টালিস্ট এবং অ্যাংলিসিস্ট কাদের বলা হয়? (Who were Orientalist and Anglisists?)

Ans. লর্ড বেন্টিন্গের আমলে শিক্ষা খাতে সরকারি অর্থব্যয়কে কেন্দ্র করে তুমুল বিতর্কের সৃষ্টি হয়। প্রাচ্য এবং পাশ্চাত্য শিক্ষার মধ্যে কোন্ শিক্ষায় সরকারি অর্থ

সোসাইটি' প্রতিষ্ঠার কর্ণধার ছিলেন তিনি। তিনি পটলডাঙায় একটি ইংরেজি স্কুল স্থাপন করেন যা 1867 খ্রিস্টাব্দে 'হেয়ার স্কুল' নামে পরিচিতি লাভ করে।

18. প্রাচ্যবাদী কাদের বলা হয়? কার উদ্যোগে ভারতে প্রাচ্য বিদ্যাচর্চা শুরু হয়?
(Who were Orientalists? By whom Oriental learning was started in India?)

Ans. ঊনবিংশ শতাব্দীর প্রথমার্ধে যে ভারতীয় ও ইংরেজ বুদ্ধিজীবী ও পণ্ডিতগণ ভারতীয় সাহিত্য, সংস্কৃতি, দর্শন ও ভাবাদর্শ প্রচার ও চর্চার উপর গুরুত্বদান করেছিলেন তাঁদের প্রাচ্যবাদী বলা হত। তাঁদের মধ্যে উল্লেখযোগ্য কোলব্রুক, উইলসন। লর্ড ওয়ারেন হেস্টিংসের উদ্যোগে ভারতে প্রাচ্যবিদ্যা চর্চা শুরু হয়।

19. পাশ্চাত্যবাদী কাদের বলা হয়? (Who were Anglisists?)

Ans. ঊনবিংশ শতাব্দীর প্রথমার্ধে যেসব ভারতীয় ও ইংরেজ বুদ্ধিজীবী ও পণ্ডিত পাশ্চাত্যের জ্ঞান-বিজ্ঞান ও ইংরেজি শিক্ষার প্রসারের উপর বিশেষ গুরুত্ব আরোপ করেছিলেন তাঁদের পাশ্চাত্যবাদী বলা হয়। এই মতানুসারী ছিলেন লর্ড মেকলে, আলেকজান্ডার ডাফ প্রমুখ।

20. ফিলট্রেশন তত্ত্ব কী বা টুইয়ে পড়া নীতি কী? (What was Filtration Theory?)

Ans. ঊনবিংশ শতাব্দীর প্রথমার্ধে লর্ড মেকলে প্রমুখ পাশ্চাত্যবাদীরা যে পদ্ধতিতে ভারতে ইংরেজি শিক্ষা প্রসারিত করতে চেয়েছিলেন তাকে ক্রমনিম্ন পরিস্রুত নীতি বা ডাউনওয়ার্ড ফিলট্রেশন পদ্ধতি বলা হয়। তাঁরা বিশ্বাস করতেন, সমাজের উচ্চবিত্ত ও মধ্যবিত্তদের মধ্যে ইংরেজি শিক্ষার বিস্তার ঘটালে তা ধীরে ধীরে সাধারণ জনগণের মধ্যেও ছড়িয়ে পড়বে।

21. কখন এবং কে 'অ্যাংলো হিন্দু স্কুল' প্রতিষ্ঠা করেছিলেন? (When and by whom 'Anglo Hindu School' was established?)

Ans. 1817 খ্রিস্টাব্দে ডেভিড হেয়ার অ্যাংলো হিন্দু স্কুল প্রতিষ্ঠা করেছিলেন।

22. কখন কলিকাতা পাবলিক লাইব্রেরি প্রতিষ্ঠিত হয়েছিল? বর্তমানে এর নাম কী?
(When Calcutta Public Library was founded? What its present name?)

Ans. 1830-এর দশকে কলিকাতা পাবলিক লাইব্রেরি প্রতিষ্ঠিত হয়। বর্তমানে এর নাম ন্যাশনাল লাইব্রেরি।

23. কেন বিদ্যাসাগর মহাশয় কলিকাতায় নর্মাল স্কুল প্রতিষ্ঠা করেছিলেন? (Why Vidyasagar founded Normal School in Calcutta?)

Ans. শিক্ষক শিক্ষণের উদ্দেশ্যে সংস্কৃত কলেজের অভ্যন্তরেই বিদ্যাসাগর মহাশয় একটি 'নর্মাল স্কুল' প্রতিষ্ঠা করেছিলেন।

24. মেট্রোপলিটন ইন্সটিটিউশন কে প্রতিষ্ঠা করেন? কত খ্রিস্টাব্দে এই ইন্সটিটিউটটি কলেজে রূপান্তরিত হয়েছিল? (Who was the founder of Metropolitan Institution? In which year this Institute was upgraded into college?)

Ans. মেট্রোপলিটন ইন্সটিটিউট প্রতিষ্ঠা করেন বিদ্যাসাগর। 1879 খ্রিস্টাব্দে এই ইন্সটিটিউট বিদ্যাসাগর কলেজে উন্নীত হয়।

25. বর্ণপরিচয় বইটি বিদ্যাসাগর কত খ্রিস্টাব্দে লেখেন? বিদ্যাসাগর রচিত কয়েকটি পাঠ্যপুস্তকের নাম লেখো। (In which year was the Barna Parichay written by Vidyasagar? Name few reading books written by Vidyasagar.)

Ans. বিদ্যাসাগর 1855 খ্রিস্টাব্দে বর্ণপরিচয় বইটি লেখেন।

বিদ্যাসাগর রচিত উল্লেখযোগ্য পুস্তক হল বর্ণপরিচয়, কথামালা, নীতিবোধ, চরিতাবলি, বোধোদয় প্রভৃতি।

26. জি সি পি আই (জেনারেল কমিটি অব পাবলিক ইনস্ট্রাকশন) বা জনশিক্ষা কমিটি কত খ্রিস্টাব্দে কে প্রতিষ্ঠা করেন? এর প্রথম সভাপতি কে ছিলেন? (In which year and who was founder GCPI? Who was the first chairman of GCPI?)

Ans. জনশিক্ষা কমিটি 1823 খ্রিস্টাব্দে লর্ড আমহাস্ট প্রতিষ্ঠা করেন। এর প্রথম সভাপতি ছিলেন হ্যারিংটন।

27. কবে কলিকাতা সংস্কৃত কলেজ প্রতিষ্ঠিত হয়? কে কবে এই কলেজে ইংরেজি পড়ানো প্রচলন করেন? (When Calcutta Sanskrit College was established? In which year who started English class in this College?)

Ans. 1824 খ্রিস্টাব্দে কলিকাতা সংস্কৃত কলেজ প্রতিষ্ঠিত হয়। এই কলেজে বিদ্যাসাগর 1853 খ্রিস্টাব্দে ইংরেজি পড়ানো প্রচলন করেন।

28. ভারতের শিক্ষাবিস্তারে শ্রীরামপুর মিশনের অবদান কী ছিল? (What was the contributions of Serampore Mission for developing the education in India?)

Ans. ভারতে শিক্ষাবিস্তারে শ্রীরামপুর মিশনের অবদান এক কথায় অপরিমিত। শিক্ষা বিস্তারে শ্রীরামপুর মিশন যেসমস্ত কর্মসূচি গ্রহণ করেছিল সেগুলি হল—

1. মাতৃভাষায় বিভিন্ন পাঠ্যপুস্তক রচনা করা।
2. জনশিক্ষা প্রসারের জন্য যথেষ্ট বিদ্যালয় স্থাপন।
3. দেশীয় শিক্ষকদের শিক্ষার কাজে নিয়োগের উপযোগী করে প্রস্তুত করা।
4. ছাত্রছাত্রীদের মূল্যায়নের জন্য মালিক পরীক্ষার ব্যবস্থা করা।
5. ছাত্রছাত্রীদের উৎসাহ দানের জন্য পুরস্কারের ব্যবস্থা করা।

37. কলিকাতা, মাদ্রাজ ও বোম্বাই বিশ্ববিদ্যালয় কত তারিখে প্রতিষ্ঠিত হয়েছিল? (In which date Calcutta, Madras and Bombay University were established?)

Ans. 1857 খ্রিস্টাব্দের 24 জানুয়ারি কলিকাতা বিশ্ববিদ্যালয়, 1857 খ্রিস্টাব্দের 18 জুলাই মাদ্রাজ বিশ্ববিদ্যালয় এবং 1857 খ্রিস্টাব্দের 5 সেপ্টেম্বর বোম্বাই বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠিত হয়েছিল।

38. প্রাচ্য-পাশ্চাত্য বিতর্ক কী? (What is debate of east and west?) or (What is the debate of Orientalist and Anglysisist?)

Ans. 1813 খ্রিস্টাব্দের সনদ আইনে শিক্ষা সংক্রান্ত 43 নং ধারাটি জটিলতার সৃষ্টি করে। এই ধারার দুটি কথা 'সাহিত্যের উন্নতি' এবং 'বিজ্ঞানের জ্ঞান' নিয়ে বিভ্রান্তি প্রথম থেকেই ছিল। এরই সুযোগে কোম্পানি সরকার ভিন্ন ভিন্ন শিক্ষানীতির কথা বলতে থাকে। ফলে শিক্ষার সুযোগ, শিক্ষার বিষয়বস্তু, শিক্ষার মাধ্যম, সরকারি নিয়ন্ত্রণ এই চারটি বিষয়কে কেন্দ্র করে প্রাচ্য ও পাশ্চাত্যবাদী অভিমত গড়ে ওঠে। একেই 'প্রাচ্য-পাশ্চাত্য বিতর্ক' বলে।

39. '1813 খ্রিস্টাব্দের চার্টার আইনে' ভারতের শিক্ষাপ্রসারে কী ব্যবস্থা গৃহীত হয়েছিল? (What major steps were taken for developing education system of India in the Charter Act of 1813?)

Ans. 1813 খ্রিস্টাব্দে চার্টার আইনের ভারতীয় ভাষা ও সাহিত্য বিজ্ঞানের জন্য বাৎসরিক এক লক্ষ টাকা কোম্পানিকে ব্যয় করার নির্দেশ দেওয়া হয়েছিল।

40. ভারতে শিক্ষার প্রসারে 1813 খ্রিস্টাব্দে চার্টার অ্যাক্টের গুরুত্ব কী? (What was the importance of Charter Act (1813) for spreading education in India?)

Ans. 1813 খ্রিস্টাব্দে 'দ্বিতীয় চার্টার অ্যাক্ট' ব্রিটিশ পার্লামেন্টে পাস হয়। এই চার্টার অ্যাক্টে সর্বপ্রথম ব্রিটিশ পার্লামেন্ট ভারতের শিক্ষা খাতের জন্য কোম্পানির তহবিল থেকে এক লক্ষ টাকা ব্যয়ের নির্দেশ দেয়। ভারতে শিক্ষাবিস্তারের ক্ষেত্রে কোম্পানির এই প্রয়াস ছিল অত্যন্ত গুরুত্বপূর্ণ। কিন্তু প্রাচ্য ও পাশ্চাত্যবাদীদের বিবাদের (1813-23 খ্রিস্টাব্দ) জন্য ওই এক লক্ষ টাকা খরচ করা সম্ভব হয়নি। দীর্ঘদিন বিবাদ চলার পর 1835 খ্রিস্টাব্দে ইংরেজ সরকার এই টাকাটা পাশ্চাত্য শিক্ষা খাতেই ব্যয় করেছিল।

41. 1813 খ্রিস্টাব্দে চার্টার আইনে শিক্ষা সম্পর্কে কী বলা হয়? (What were mentioned in Charter Act (1813) for education?)

Ans. 1813 খ্রিস্টাব্দে চার্টার আইনে বলা হয় ভারতীয়দের শিক্ষার জন্য কোম্পানিকে এক লক্ষ টাকা ব্যয় করতে হবে।

42. মেকলে মিনিট কী? (What is Macley Minute?)

Ans. উপযোগবাদী সংস্কারক লর্ড বেন্টিন্গের আইনি সদস্য মেকলে ইংরেজি ভাষার মাধ্যমে ভারতীয়দের ইউরোপীয় সাহিত্যে ও জ্ঞান-বিজ্ঞানে শিক্ষিত করার উদ্দেশ্যে 1835 খ্রিস্টাব্দে 2 ফেব্রুয়ারি তাঁর বিখ্যাত কার্যবিবরণী (মিনিট) প্রকাশ করেন। এই 'মেকলে মিনিট' হয়ে ওঠে ভারতে ইংরেজি শিক্ষা চালু করার নীল-নকশা। এই মেকলে মিনিটের ভিত্তিতেই বেন্টিন্গ 1835 খ্রিস্টাব্দে 7 মার্চ ভারতে ইংরেজি শিক্ষা সরকারিভাবে চালু করেন।

43. মেকলের মন্তব্যের মূলকথা কী? (What was the main message of Makley comments?)

Ans. মেকলের মন্তব্যের মূলকথাগুলি হল—

1. শিক্ষার মাধ্যম হবে মাতৃভাষা।
2. অভিজাত ও মধ্যবিত্তদের ইংরেজি শিক্ষায় শিক্ষিত করা।
3. পাশ্চাত্য শিক্ষার প্রসারে সরকারি অর্থ সাহায্য।
4. জনসাধারণের জন্য শিক্ষার প্রয়োজন নেই। তারা ইংরেজি শিক্ষায় শিক্ষিত ব্যক্তিদের কাছ থেকেই শিখবে অর্থাৎ চুইয়ে পড়া শিক্ষানীতি।

44. শিক্ষার মাধ্যম সম্পর্কে মেকলে কী বলেছেন? (What Makley said about learning medium of education?)

Ans. দেশীয় ভাষাগুলি অত্যন্ত দীন ও ঐশ্বর্যহীন। এ ভাষার শব্দ সম্পদ ভাব প্রকাশে এত অনুপযুক্ত যে পাশ্চাত্য ভাষার জ্ঞান-বিজ্ঞানের গ্রন্থসমূহ দেশীয় ভাষাগুলিতে অনুবাদ করা সম্ভব নয়।

45. ইংরেজি ভাষা সমর্থনে মেকলের বক্তব্য কী ছিল? (What was Makley teaches in support of English language?)

Ans. ভারতীয়দের ইংরেজি ভাষায় সুপণ্ডিত করে তোলাই ভারতের ইংরেজ সরকারের লক্ষ্য। ইংরেজি শিক্ষার ফলে এমন শ্রেণির লোক সৃষ্টি হবে যারা বর্ণে ও রক্তে ভারতীয় কিন্তু বুচি, মতামত ও বুদ্ধিতে হবে ইংরেজ।

46. উডের ডেসপ্যাচ বলতে কী বোঝো? (What do you mean by Wood's Despatch?)

Ans. ইংল্যান্ডের বোর্ড অব কন্ট্রোলার সভাপতি চার্লস উড ভারতে ইংরেজি শিক্ষার প্রসারের জন্য এক পরিকল্পনা নেন। এরই ফলশ্রুতি হিসেবে 1854 খ্রিস্টাব্দে 19 জুলাই ভারতে শিক্ষা সংক্রান্ত এক নির্দেশনামা বা ডেসপ্যাচ প্রকাশ করেন—যা 'উডের ডেসপ্যাচ' নামে খ্যাত। এই নির্দেশনামা অনুযায়ী স্ত্রীশিক্ষা, শিক্ষক শিক্ষণ, মেধাবৃত্তিদান ও মাতৃভাষাকে শিক্ষার মাধ্যম হিসেবে গ্রহণ করা হয়। এই নির্দেশনামার ভিত্তিতেই 1857 খ্রিস্টাব্দে কলিকাতা, বোম্বাই, মাদ্রাজ বিশ্ববিদ্যালয় স্থাপিত হয়।

47. প্রাচ্যশিক্ষা সম্পর্কে উডের ডেসপ্যাচের মত কী ছিল? (What Wood's Despatch delivered his message for eastern education?)

Ans. এ দেশের অনেকের মতে, প্রাচ্য বিজ্ঞান ও দর্শন অসংখ্য ভুলে ভরা। এই ত্রুটিপূর্ণ ভারতীয় দর্শন ও বিজ্ঞানের পরিবর্তে পাশ্চাত্য উন্নত দর্শন, বিজ্ঞান, সাহিত্য প্রচলন করাই সরকারি শিক্ষানীতির উদ্দেশ্য।

48. শিক্ষার মাধ্যম সম্পর্কে ডেসপ্যাচের বক্তব্য কী ছিল? (What Wood's Despatch recommendation about media of Education?)

Ans. মাতৃভাষাকে অবহেলা করে ইংরেজি ভাষাকে শিক্ষার মাধ্যম করায় শিক্ষায় তার কুপ্রভাব পড়েছে। এখন সরকার মাতৃভাষাকে শিক্ষার বাহন করতে চায়। উডের ডেসপ্যাচে দেশীয় ভাষায় ও ইংরেজিকে জ্ঞান চর্চার জন্য গ্রহণ করার কথা বলা হয়েছে।

49. উডের দলিল শিক্ষাজগতের 'ম্যাগনাকার্টা' হিসেবে কতখানি গ্রহণযোগ্য? (Why Wood's Despatch is called 'Magracharta' of English education in India?)

Ans. উডের দলিলে ভারতবাসীর শিক্ষার অধিকারকে সমর্থন করা হয়নি। এজন্য একে ইংল্যান্ডের জনগণের অধিকার পত্র ম্যাগনাকার্টার সঙ্গে তুলনা করা যায় না।

50. গ্র্যান্ট-ইন-এড প্রথা কী? (What is Grant-in-aid?)

Ans. সরকার বেসরকারি শিক্ষাপ্রতিষ্ঠানকে অর্থসাহায্য দিয়ে শিক্ষার প্রসারে সাহায্য করে। এর জন্য কয়েকটি শর্ত মানতে হয়—

1. ধর্মনিরপেক্ষ শিক্ষার ব্যবস্থা করা,
2. স্থানীয় পরিচালনার ব্যবস্থা করা।
3. সরকারি পরিদর্শন ও পরিদর্শকের নির্দেশ মেনে চলা।
4. শিক্ষার্থীদের কাছ থেকে সামান্য বেতন নেওয়া।

51. জনশিক্ষা প্রসারে ডেসপ্যাচের বক্তব্য কী ছিল? (What was the proposal of Despatch for spreading mass education in India?)

Ans. উডের ডেসপ্যাচে চুইয়ে পড়ার নীতির নিন্দা করে বলা হয়েছে, শিক্ষার্থীদের উৎসাহ দেওয়ার জন্য বৃত্তিদানের ব্যবস্থা করতে হবে। দেশীয় স্কুলগুলির শিক্ষার মান উন্নত করা হবে। মাতৃভাষায় ও ইংরেজি ভাষার মাধ্যমে শিক্ষাদানের প্রতিষ্ঠানগুলির মধ্যে পার্থক্য কমিয়ে আনতে হবে।

52. গ্র্যান্ড-ইন-এইড প্রথা সর্বপ্রথম কখন চালু হয়েছিল? (When was Grant-in-aid system introduced for the first time?)

Ans. 1854 খ্রিস্টাব্দে উডের ডেসপ্যাচে বেসরকারি বিদ্যালয়গুলিকে উৎসাহ দেওয়ার জন্য Grant-in-aid প্রথা প্রবর্তনের সুপারিশ করা হয়। এই সুপারিশ অনুযায়ী এদেশে সর্বপ্রথম Grant-in-aid প্রথা চালু হয়েছিল।

53. উডের ডেসপ্যাচ কর্তৃক প্রস্তাবিত গ্র্যান্ট-ইন-এইড প্রথার শর্তগুলি কী? (What are the conditions of Grant-in-aid system suggested by Wood's Despatch?)

Ans. উডের ডেসপ্যাচে শর্তগুলি হল নিম্নরূপ—

1. ধর্মনিরপেক্ষ শিক্ষার ব্যবস্থা করতে হবে।
2. স্থানীয় পরিচালনার ব্যবস্থা করতে হবে।
3. বিদ্যালয়ে সরকারি পরিদর্শক থাকবেন এবং পরিদর্শকের নির্দেশ মেনে চলতে হবে।
4. শিক্ষার্থীদের নিকট থেকে স্বল্প পরিমাণে হলেও বেতন নিতে হবে।

54. শিক্ষাব্যবস্থায় উডের ডেসপ্যাচের প্রভাব লেখো। (How the education work influenced by the demerits of Wood's Despatch?)

Ans. শিক্ষাব্যবস্থায় উডের ডেসপ্যাচের প্রভাব হল—

1. উডের ডেসপ্যাচ পরীক্ষা ব্যবস্থার উপর যে গুরুত্ব দিয়েছিল তা বর্তমানেও বজায় আছে।
2. ইংরেজি ভাষাকে উচ্চশিক্ষা ও প্রশাসনের ভাষা হিসেবে স্বীকৃতি দান।
3. বৃত্তিশিক্ষার চেয়ে সাধারণ শিক্ষার উপর গুরুত্ব আরোপ।
4. দেশীয় শিক্ষাব্যবস্থা ক্রমশ দুর্বল হতে থাকে।

55. উডের ডেসপ্যাচ ভারতীয় শিক্ষার ইতিহাসে গুরুত্বপূর্ণ কেন? (Why Wood's Despatch was important for Indian Education?)

Ans. উডের ডেসপ্যাচ ভারতীয় শিক্ষার ইতিহাসে গুরুত্বপূর্ণ তার কারণ হল—

1. শিক্ষার মাধ্যম হবে ইংরেজি ভাষা ও মাতৃভাষা।
2. শিক্ষক শিক্ষণ, বৃত্তিশিক্ষা, সংখ্যালঘু ও স্ত্রীশিক্ষার গুরুত্বপূর্ণ সুপারিশ করে।
3. সরকারি নিয়ন্ত্রণে সুনির্দিষ্ট শিক্ষাব্যবস্থার প্রচলন করে।

56. বৃত্তিশিক্ষা সম্পর্কে উডের ডেসপ্যাচে কী বলা হয়েছে? (What was prescribed about Vocational Education in Wood's Despatch?)

Ans. সাধারণ শিক্ষা বৃত্তিগত শিক্ষা বিষয়ে প্রেরণা জোগায় না। তাই আইন, চিকিৎসা, সিভিল ইঞ্জিনিয়ারিং-এর জন্য বিশ্ববিদ্যালয়ের দায়িত্বে বৃত্তিমূলক শিক্ষাপ্রতিষ্ঠান স্থাপনের সুপারিশ করা হয়। এ ছাড়া শিল্প শিক্ষার জন্য অনুকূল বিদ্যালয় স্থাপনের কথাও উল্লেখ করা হয়।

57. উডের ডেসপ্যাচের যে-কোনো দুটি গুরুত্ব উল্লেখ করো। (Mention two importance of Wood's Despatch.)

Ans. উডের ডেসপ্যাচের বিভিন্ন গুরুত্বের মধ্যে দুটি হল—

- (i) 'টুইয়ে পড়া নীতি' (downwards filtration theory) বাতিল করে প্রাথমিক ও মাধ্যমিক শিক্ষার প্রসার পরোক্ষভাবে জনশিক্ষার বিস্তারের পথ প্রশস্ত করেছিল।

- (ii) শিক্ষায় মাতৃভাষার গুরুত্ব প্রতিষ্ঠার মাধ্যমে দেশবাসীর ক্ষোভকে কিছু পরিমাণে প্রশমিত করেছিল। এ ছাড়াও নারীশিক্ষা, ধর্মনিরপেক্ষ শিক্ষা, বৃত্তিশিক্ষা, মুসলিমদের শিক্ষা, শিক্ষক-শিক্ষণ ব্যবস্থা ইত্যাদির সুপারিশ করে শিক্ষায় আধুনিকতার দিকগুলি চিহ্নিত করা হয়েছিল।

58. উডের ডেসপ্যাচ বর্ণিত শিক্ষার উদ্দেশ্য কী ছিল? (What was the proposal of Wood's Despatch for Education?)

Ans. উডের ডেসপ্যাচ বর্ণিত শিক্ষার উদ্দেশ্যগুলি হল—

- ভারতে শিক্ষার উদ্দেশ্য হবে ইংল্যান্ডের সঙ্গে ভারতীয়দের সম্পর্কস্থাপনের মাধ্যমে অন্ধ ভারতবাসীর উপর শিক্ষার বিপুল নৈতিক ও পার্থিব আশীর্বাদ বর্ষণ করা।
- নির্ভরযোগ্য সরকারি কর্মচারী তৈরি করা।
- বাণিজ্যিক বাজার সৃষ্টি করা।

59. শিক্ষক-শিক্ষণ প্রসঙ্গে উডের ডেসপ্যাচে কী সুপারিশ করা হয়েছিল? (Mention the recommendations of Wood's Despatch for teacher's training.)

Ans. শিক্ষক-শিক্ষণ প্রসঙ্গে উডের ডেসপ্যাচে সুপারিশগুলি হল—

- প্রাথমিক ও মাধ্যমিক স্তরের শিক্ষকদের জন্য পৃথক পৃথক শিক্ষক প্রশিক্ষণ কেন্দ্র স্থাপনের নির্দেশ দেন।
- যেসব শিক্ষার্থীরা সর্দার পোড়ো হিসেবে যোগ্য প্রমাণিত হবে তাদেরকে শিক্ষক শিক্ষণ বিদ্যালয়ে প্রশিক্ষণের জন্য পাঠিয়ে সুযোগ্য শিক্ষক হিসেবে গড়ে তোলা হবে।
- কর্মরত শিক্ষকদের শিক্ষণের ব্যাপারে উৎসাহিত করার জন্য বৃত্তিদানের প্রস্তাব করা হয়।
- শিক্ষকতাকে অন্যান্য সরকারি চাকুরির মতো আকর্ষণযোগ্য করে তোলার সদিচ্ছা প্রকাশ করা হয়।

60. মিস মেরি কারপেন্টার বার্তা সংক্ষেপে লেখো। (Give a brief note on Miss Mary Carpenter's message.)

Ans. উডের ডেসপ্যাচ (1854), স্ট্যানলি ডেসপ্যাচে (1859) মহিলাদের শিক্ষার মান উন্নয়নের জন্য মহিলা শিক্ষক-শিক্ষণ প্রতিষ্ঠান স্থাপনের সুপারিশ করা হলেও তা কার্যকরী হয়নি। তখন ব্রিস্টলবাসিনী মিস মেরি কারপেন্টার মহিলা শিক্ষক-শিক্ষণের জন্য সরকারকে পদক্ষেপ নেওয়ার পরামর্শ দেন।